



# STUDENTS HEALTH HOME

142/2 A J C Bose Road, Kolkata 700014

Contact : 033 2249 2866/ 90734 92866/ 9007272866

Email: healthhome1952@gmail.com

প্রতি মাননীয় / মাননীয়া,

মহাশয় / মহাশয়া,

স্বাধীনতা সংগ্রামের নির্যাস পুষ্ট স্টুডেন্টস হেলথ হোম বাংলার ছাত্র সমাজের একটি ঐতিহ্যবাহী স্বনির্ভর স্বাস্থ্য আন্দোলন। শুধুমাত্র রোগের চিকিৎসা নয় স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির মাধ্যমে স্বাস্থ্যোদ্ভুল আগামী প্রজন্ম গঠনই এর মূল লক্ষ্য। এছাড়াও বন্যা, খরা, মহামারি বা ঝড়-ঝঞ্ঝা বিধ্বস্ত জনপদের সহায়তায় হোম বরাবরই উল্লেখযোগ্য ভূমিকা পালন করে এসেছে।

সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান গুলির উপর অত্যধিক চাপ এবং বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানের একটি বড় অংশে ন্যায্য মূল্যে যথাযথ পরিষেবা পাবার সম্ভাবনা ক্ষীণ থেকে ক্ষীণতর হওয়ায় মানুষ আজ যথার্থ বিকল্পের সন্ধানী - একথা মাথায় রেখে এবং অর্থনৈতিক ভাবে আরও বেশি স্বনির্ভর হওয়ার আকাঙ্ক্ষায় স্টুডেন্টস হেলথ হোমে শুরু হচ্ছে ন্যায্য মূল্যে সার্বজনীন হাসপাতাল। সদস্য ছাত্রছাত্রীদের শাস্ত্র অধিকার আরও প্রসারিত করাও এর অন্যতম লক্ষ্য।

১ মার্চ, ২০২২ থেকে এই সার্বজনীন হাসপাতালের বহির্বিভাগ পরিষেবা শুরু হয়ে গেছে। আগামী ৭ এপ্রিল, ২০২২ বিশ্ব স্বাস্থ্য দিবসে উদ্বোধন হবে নবরূপে সজ্জিত এর অন্তর্বিভাগের। এই নতুন প্রয়াসের সূচনা উপলক্ষ্যে ওইদিন দুপুর ২-৩০টে আমাদের মৌলালীস্থিত মূল কেন্দ্রে একটি ক্ষুদ্র অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে শ্বাস ও হৃদরোগ প্রতিরোধ বিষয়ক একটি সংক্ষিপ্ত আলোচনা সভার মাধ্যমে আমরা বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন করব।

ওই অনুষ্ঠানে আপনার/ আপনাদের সহৃদয় উপস্থিতি কামনা করি।

ধন্যবাদান্তে,

ডাঃ পবিত্র গোস্বামী

সাধারণ সম্পাদক, স্টুডেন্টস হেলথ হোম

তারিখ: ৩০ মার্চ, ২০২২